

চাঙ্গিকে টপকে সেরা কাতারের হামাদ আন্তর্জাতিক বিমানবন্দর

- A Monitor Desk Report

Date: 24 April, 2024



সিঙ্গাপুর: বিশ্বের সেরা বিমানবন্দর নির্বাচিত হয়েছে কাতারের হামাদ আন্তর্জাতিক বিমানবন্দর। এর মাধ্যমে সিঙ্গাপুর স্কাইট্র্যাক্স ওয়ার্ল্ড এয়ারপোর্ট অ্যাওয়ার্ডস এর ১২ বারের বিজয়ী চাঙ্গি বিমানবন্দরকে হারিয়ে বিশ্বসেরার মুকুট অর্জন করলো এই বিমানবন্দর।

ব্রিটেনের এভিয়েশন শিল্প সমালোচক প্রতিষ্ঠান স্কাইট্র্যাক্স সম্প্রতি ২০২৪ সালের বিশ্বের সেরা বিমানবন্দরের তালিকা প্রকাশ করেছে। বিশ্বের বিভিন্ন দেশের যাত্রীদের ভোটে স্কাইট্র্যাক্স ওয়ার্ল্ড এয়ারপোর্ট অ্যাওয়ার্ডস-২০২৪ শীর্ষক সেরা বিমানবন্দরের তালিকা ঘোষণা করেছে প্রতিষ্ঠানটি।

এছাড়া জাপানের রাজধানী টোকিওর হানেদা বিমানবন্দর চতুর্থ সেরা নির্বাচিত হয়েছে। টোকিওরই নারিতা বিমানবন্দর রয়েছে পঞ্চম স্থানে।

কাতার এয়ারওয়েজের গুপ চিফ এক্সিকিউটিভ অফিসার বদর আল মীর বলেন, এই বছর হামাদ আন্তর্জাতিক বিমানবন্দর তার অপারেশনের মাইলফলক দশম বছর উদযাপন করছে। এবং আমরা সত্যি সম্মানিত যে যাত্রীরা আমাদের তৃতীয়বারের মতো বিশ্বের সেরা বিমানবন্দর নির্বাচিত করেছেন।

এছাড়া কোভিড-১৯ এর প্রভাব কাটিয়ে এবং যাত্রী সংখ্যা বাড়ার পরে হংকং বিমানবন্দরটি ২২ তম অবস্থান থেকে ১১তম স্থানে উন্নীত হয়েছে। তবে এবারও বিশ্বের সেরা ১০ বিমানবন্দরের তালিকায় স্থান পায়নি যুক্তরাষ্ট্রের কোনো বিমানবন্দর।

-B